

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬

১১ এপ্রিল ২০২০
তারিখঃ-----
২৮ চৈত্র ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগে প্রেরিতব্য বিবরণীসমূহ (Regulatory Reporting) দাখিলকরণ প্রসঙ্গে।

করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি চলাকালীন সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা অনুযায়ী এ সময়ে ব্যাংকগুলো সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। বিদ্যমান প্রেক্ষাপটে এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগে তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক প্রেরিতব্য ঋণ শ্রেণীকরণ ও প্রতিশোধ সংক্রান্ত বিবরণীসহ সকল বিবরণী সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি শেষ হওয়ার পর স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম শুরু হওয়ার পরবর্তী ১০(দশ) কার্যদিবসের মধ্যে দাখিল করা যাবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মকবুল হোসেন)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০২৬৮